৪) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে, কে উইলটি চুরি করেছিল? এই উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১+১৩=১৪

গ-গুচ্ছ

৫) ‘লালসালু’ উপন্যাসটির রচনাকাল উল্লেখ করো। এই উপন্যাসের মজিদ চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১৩=১৪

৬) ‘লালসালু’ উপন্যাসের দুটি নারীচরিত্রের নাম লেখো। এই উপন্যাসে মজিদের আধিপত্য খর্ব করতে জমিলার যে প্রতিবাদ তার সঙ্গে উত্তর ঔপনিবেশিক প্রতিবাদের ভাবনার কিছু মিল পাওয়া যায় - আলোচনা করো। ২+১২=১৪

ঘ- গুচ্ছ

৭) কোন গল্পের জন্য প্রভাতকুমার মুখোপাধ্যায় কুন্তলীন পুরস্কার পেয়েছিলেন? তাঁর ‘দেবী’ গল্পে সামাজিক বাস্তবতার যে চিত্র উপস্থাপিত হয়েছে তা আলোচনা করো। ১+১৩=১৪

৮) ‘বাংলার মোপাসাঁ’ কাকে বলা হয়? প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্পে কৌতুকরসের মোড়কে সমাজকে বিদ্রূপ করার পরিচয় স্পষ্ট। ‘রসময়ীর রসিকতা’ গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১+১৩=১৪

ঙ-গুচ্ছ

৯) জগদীশ গুপ্তের রচিত একটি উপন্যাসের নাম লেখো। দারিদ্র্যের বিবরণ নয়, মানুষের ঈর্ষা আর স্বার্থপরতাই গল্পকারের কেন্দ্রীয় বিষয় - আলোচনা করো। ১+১৩=১৪

১০) জগদীশ গুপ্তের প্রথম গল্প সংকলনের নাম লেখো। জগদীশ গুপ্ত শুধু আধুনিকতাকে তাঁর গল্পে তুলে ধরেননি, তিনি মানুষের নিয়তিবোধ বা নিয়তি চেতনাকে জাগ্রত করেছেন - এরকম একটি গল্প হল ‘দিবসের শেষে।’ - বিশদ করো। ১+১৩=১৪

★★★

PG (CBCS) EVEN SEMESTER EXAMINATION, 2024

BENGALI

2nd Semester

Course No : BNGCC - 202 (O)

(বাংলা কথা সাহিত্য-১)

Full Marks : 70

Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

(পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক)

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১) ‘আলালের ঘরের দুলাল’-এর রচনাকাল উল্লেখ করো। ‘মতিলাল’কে কেন্দ্র করেই এই আখ্যায়িকার উৎপত্তি, বিকাশ এবং পরিণতি। মতিলালই এই আখ্যায়িকার নায়ক - আলোচনা করো। ১+১৩=১৪

২) মতিলালের বাবার নাম লেখো। ‘সার্বিক বিচারে আলালের ঘরের দুলাল’কে উপন্যাস বলা যুক্তিযুক্ত কিনা - আলোচনা করো। ১+১৩=১৪

খ-গুচ্ছ

৩) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের দুটি নারী চরিত্রের নাম লেখো। এই উপন্যাসের রোহিনী চরিত্রটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

UnRegistered